অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 7/16/2024 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল সিরাকিউজে 1,400 টি নতুন বাড়িতে সহায়তা করার জন্য 50 মিলিয়ন মার্কিন ডলারের ফেডারেল চয়েস নেবারহুডস অনুদান উদযাপন করেন

সিরাকিউজ হাউজিং অথরিটিকে দেওয়া ফেডারেল অনুদান ঐতিহাসিক সিরাকিউজের আশেপাশের এলাকাকে সংস্কার করতে এবং আবাসন প্রকল্প পুনর্গঠন করতে সাহায্য করবে

স্টেট ব্যাপী আবাসন সরবরাহ বৃদ্ধি করে নিউ ইয়র্কের আবাসন সংকট মোকাবেলায় গভর্নর হোকলের প্রতিশ্রুতির উপর নির্ভর করে গড়ে উঠে

গভর্নর হোকল আজ মার্কিন যুক্তরাষ্ট্রের আবাসন ও নগর উন্নয়ন ডিপার্টমেন্ট অব হাউজিং অ্যান্ড আরবান ডেভেলপমেন্ট (Housing and Urban Development) এর চয়েস নেবারহুডস অনুদানের 325 মিলিয়ন মার্কিন ডলারের মাধ্যমে সিরাকিউজ হাউজিং অথরিটিকে 50 মিলিয়ন মার্কিন ডলারের ফেডারেল বরাদ্দ উদযাপন করেছেন। এই মূলধনটি নতুন 15তম ওয়ার্ড/ইস্ট অ্যাডামস ট্রান্সফরমেশন প্ল্যান (Ward/East Adams Transformation Plan) কে উন্নত করতে ব্যবহৃত হবে, একটি 12-ফেজের প্রকল্প যার লক্ষ্য একটি ঐতিহাসিক সিরাকিউজ এলাকাকে এবং পাইওনিয়ার হোমস (Pioneer Homes) কে সংস্কার করা - যা নিউ ইয়র্ক স্টেটের প্রথম পাবলিক হাউজিং কমিউনিটি - ম্যাককিনি মনোর ও বিভিন্ন খালি পার্সেল। প্রশাসন এই অত্যন্ত প্রতিযোগিতামূলক জাতীয় অনুদান সুরক্ষিত করতে সিরাকিউজ ও অংশীদারদের সাথে অক্লান্ত পরিশ্রম করেছে। এই প্রকল্পটি স্টেটের ইন্টারস্টেটে 81টি ভায়াডাক্ট অপসারণ প্রকল্পের একটি গুরুত্বপূর্ণ এবং পরিপূরক উপাদান।

“এই 50 মিলিয়ন মার্কিন ডলারের অনুদান 1,400টি নতুন বাড়িকে সহায়তা করবে এবং আমাদের সিরাকিউসের প্রত্যাবর্তনের শক্তিকে অব্যাহত রাখতে সহায়তা করবে,” **গভর্নর হোকল বলেন।** “মাইক্রনের আগমনের পাশাপাশি I-81 এর সংস্কার ও কর্মশক্তি এবং শিক্ষায় রেকর্ড বিনিয়োগের সাথে, এই বিনিয়োগটি আবাসনের ক্রমবর্ধমান চাহিদা মেটাতে এবং সিরাকিউজ সিটিকে সংস্কার করার জন্য আমাদের স্টেট যে কাজ করছে তার উপর ভিত্তি করে গড়ে উঠে। সেন্ট্রাল নিউ ইয়র্কের ভবিষ্যতের জন্য আমাদের দৃষ্টিভঙ্গি এগিয়ে নিতে সহায্য করার জন্য আমি বাইডেন প্রশাসন, নেতা শুমার ও সিনেটর গিলিব্র্যান্ডকে ধন্যবাদ জানাই।”

50 মিলিয়ন মার্কিন ডলারের ফেডারেল চয়েস নেবারহুড গ্রান্ট (Federal Choice Neighborhood Grant) সিরাকিউজ হাউজিং অথরিটি (Syracuse Housing Authority) এর 600 টিরও বেশি মারাত্মকভাবে ক্ষতিগ্রস্ত পাবলিক ও সহায়ক আবাসনকে উচ্চমানের মিশ্র-আয়ের আবাসনের মাধ্যমে প্রতিস্থাপনের পরিকল্পনাকে সহায়তা করবে। 118-বর্গ একর, 27-ব্লক ইস্ট অ্যাডামস স্ট্রিট এলাকাকে সংস্কার করে, প্রকল্পটির লক্ষ্য হল একটি "ক্র্যাডল-টু-কলেজ" শিক্ষামূলক যোগাযোগ তৈরি করে এই অঞ্চলে বসবাসকরী পরিবারগুলোর পরিণতি উন্নত করে যা 0-4 বছর বয়সী সকল শিশুদের জন্য শৈশবকালীন শিক্ষার স্লট সরবরাহ করবে যা স্নাতকের মানের পাশাপাশি কলেজ ও ক্যারিয়ারের প্রস্তুতিও সম্প্রসারণ করে। এছাড়াও, হাউজিং অথরিটির পরিকল্পনায় কমিউনিটির জন্য নতুন স্বাস্থ্য, সুস্থতা ও বিনোদনমূলক কর্মসূচি এবং সুবিধাগুলোর পাশাপাশি অর্থনৈতিক উন্নয়ন উদ্যেগ ও অন্তর্ভুক্তিমূলক অর্থনৈতিক সুযোগের জন্য সহায়তার আহ্বান জানানো হয়েছে। মূলধনটি অবকাঠামোগত উন্নয়নের জন্য ব্যবহার করা হবে যার মধ্যে রয়েছে সুপারব্লকগুলো অপসারণ, রাস্তার গ্রিডের সাথে সংযোগের জন্য নতুন রাস্তা তৈরি করা, উন্নত শহরের দৃশ্য এবং পথচারীদের হাটাঁর পথ এবং উইলসন ও রোজলার পার্কের সাথে সংযোগকারী একটি আশেপাশের গ্রিনওয়ে রয়েছে।

ফেডারেল বরাদ্দটি HUD চয়েস নেবারহুড অনুদানের মধ্যমে নতুন সাশ্রয়ী মূল্যের বাড়ি তৈরি করতে, অর্থনৈতিক উন্নয়নকে উৎসাহিত করতে এবং সারা দেশে কমিউনিটির আশেপশের এলাকাগুলিকে সংস্কার করতে 325 মিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগের একটি অংশ। বরাদ্দগুলি 6,500 এরও বেশি নতুন আবাসন তৈরি করবে, ক্ষুদ্র ব্যবসা প্রতিষ্ঠানগুলোকে সহায়তা করবে, চাইল্ড কেয়ার সেন্টার ও নতুন পার্ক তৈরি করবে এবং এর পাশাপাশি অতিরিক্ত সরকারি ও বেসরকারি বিনিয়োগে 2.65 বিলিয়ন মার্কিন ডলারেরও বেশি সুবিধা নিতে ব্যবহৃত হবে।

নিউ ইয়র্ক স্টেট হোমস অ্যান্ড কমিউনিটি রিনিউয়াল (New York State Homes and Community Renewal) এর কমিশনার রুথ অ্যান ভিসনাউকাস বলেন, "আজ ঘোষিত 50 মিলিয়ন মার্কিন ডলারের ফেডারেল অনুদান সিরাকিউজের ক্রমবর্ধমান প্রবণতা অব্যাহত রাখবে এবং আবাসন সরবরাহ বৃদ্ধি করবে এবং আবাসনকে আরও সাশ্রয়ী মূল্যের করার জন্য গভর্নর হোকলের প্রতিশ্রুতির উপর ভিত্তি করে গড়ে উঠবে। এই বিনিয়োগের মাধ্যমে, সিরাকিউজ হাউজিং কর্তৃপক্ষ (Syracuse Housing Authority) বাজেয়াপ্তকৃত সম্পত্তিগুলোকে সংস্কার করতে পারে যা সিটিতে আবাসনের জন্য একটি গুরুত্বপূর্ণ চাহিদা পূরণ করে। এই চয়েস নেবারহুডস অনুদান 1,400টি নতুন বাড়ির পথ প্রশস্ত করে, একটি ঐতিহাসিক সিটির এলাকাকে সংস্কার করে এবং পরিবারগুলিকে তারা যেখানে বসবাস করে সেখানে বাস করার, শেখার ও উন্নতি করার অসাধরণ সুযোগ প্রদান করে। সিরাকিউজ সিটিকে অভিনন্দন এবং এই দিনটিকে সম্ভব করার জন্য আমাদের ফেডারেল অংশীদারগণকে ধন্যবাদ।"

গভর্নর হোকলের আবাসন এজেন্ডা

এই ফেডারেল মূলধনে নিউ ইয়র্কের আবাসন সংকট মোকাবেলায় গভর্নর হোকলের প্রতিশ্রুতির উপর ভিত্তি করে স্টেটটিকে আরও সাশ্রয়ী মূল্যের এবং সকল নিই ইয়র্কবাসীদের জন্য আরও বাসযোগ্য করে গড়ে তোলে। স্টেটব্যাপী আবাসন নির্মাণে প্রণোদনা প্রদান, নিউ ইয়র্ক সিটিকে আরো আবাসন তৈরির ব্যবস্থা প্রদান, স্টেটের জমিতে 15,000টি পর্যন্ত নতুন বাসা নির্মাণের জন্য 500 মিলিয়ন মার্কিন ডলার ক্যাপিটাল তহবিল, এবং স্টেটব্যাপী আবাসনের সমর্থনে 600

মিলিয়ন মার্কিন ডলার ক্যাপিটাল উন্নয়ন করার জন্য গভর্নর তার অর্থবছর 2025 নির্বাহী বাজেটের অংশ হিসেবে একটি ল্যান্ডমার্ক চুক্তি নিশ্চিত করেছেন। গভর্নর 2023 সালের অর্থবছরের প্রণীত বাজেটের অংশ অনুযায়ী সাশ্রয়ী মূল্যের আবাসনের 100,000 ইউনিট নির্মাণ ও সংরক্ষণের জন্য পাঁচ বছরের, 25 বিলিয়ন মার্কিন ডলারের আবাসন পরিকল্পনার জন্য অর্থায়নও সুরক্ষিত করেছিলেন।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন